



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
উপবৃত্তি শাখা



বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
[www.pmeat.gov.bd](http://www.pmeat.gov.bd)

## প্রেস রিলিজ

### প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা; তারিখ: ০২ নভেম্বর ২০২১ মঙ্গলবার

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/অফিসসমূহের ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের চূড়ান্ত মূল্যায়নে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট প্রথম স্থান এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের চূড়ান্ত মূল্যায়নে দ্বিতীয় স্থান অর্জন করে। এ অসাধারণ সাফল্য অর্জনের জন্য প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিজস্ব উদ্ভাবনী ধারণা, সানুগ্রহ অভিপ্রায় এবং দূরদর্শী নির্দেশনা অনুযায়ী অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত সারা দেশের সকল স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়/মাদ্রাসায় অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর ৩(১) উপধারা অনুযায়ী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট স্থাপন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান এবং মাননীয় শিক্ষামন্ত্রী ট্রাস্টি বোর্ডের সভাপতি।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে মাধ্যমে সারা দেশের ষষ্ঠ থেকে স্নাতক শ্রেণির দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি; শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে ভর্তি সহায়তা ও দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান; আপেক্ষিক আর্থিক সহায়তা এবং উচ্চ শিক্ষায় ফেলোশিপ ও বৃত্তি প্রদান করা হচ্ছে।

স্বাক্ষরিত/-

০২ নভেম্বর ২০২১ খ্রি.

(নাসরীন আফরোজ)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

ফোন: ০২-৮১৯২২০০

e-mail: md@pmeat.gov.bd